

## বেস্ট ইনোভেটিভ ব্যাংক ইন বাংলাদেশ পুরস্কার পেল এমটিবি

- A Monitor Desk Report

Date: 03 September, 2023



ঢাকা : মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড (এমটিবি) দ্বিতীয় বাংলাদেশ ফিনটেক অ্যাওয়ার্ডে ফিনটেক ইনোভেশন অব দ্য ইয়ার বিভাগে বেস্ট ইনোভেটিভ ব্যাংক ইন বাংলাদেশ স্বীকৃতি অর্জন করেছে।

এ পুরস্কারটি অসাধারণ ডিজিটাল উৎকর্ষতার জন্য এমটিবির ক্রমাগত সাধনা এবং প্রচেষ্টার মূল্যায়ন হিসেবে বিবেচিত।

সম্প্রতি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আম্বেদ পলক প্রধান অতিথি হিসেবে এমটিবির প্রতিনিধি দলের হাতে পুরস্কার তুলে দেন।

আরও পড়ুন: [ইবিএল কার্ডধারীদের জন্য টার্কিশ এয়ারলাইনসে বিশেষ ছাড়](#)

এ সময় এমটিবির উপব্যবস্থাপনা পরিচালক গৌতম প্রসাদ দাস এবং হেড অব ডিজিটাল ব্যাংকিং খালিদ হোসেনসহ এমটিবির অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া সে সময় অন্যান্য সম্মানিত অতিথিরা উপস্থিত ছিলেন।

-B